AUSTRALIAN COTTON

# সন্ধানযোগ্যতা সম্পর্কিত নির্দেশিকা

- উৎস হিসাবে অস্ট্রেলিয়ান কটন ব্যবহার করা ব্র্যান্ডগুলির জন্য -



# ভূমিকা

ব্র্যান্ড এবং খুচরা বিক্রেতা, যারা তুলো চাষের জমি ঘিরে আরও বেশী মাত্রার দৃশ্যমানতা চান, তাদের জন্য তুলো সরবরাহ চেইনের মাধ্যমে কাঁচামালের সন্ধানযোগ্যতা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় হয়ে দাঁড়িয়েছে। এটি একটি দ্রুত বিবর্তিত হওয়া এলাকা যা তুলো সহ অনেক পণ্যের ক্ষেত্রে বারম্বার চ্যালেঞ্জের সম্মুখীন হয়ে সেগুলি প্রমাণ করেছে।

আপনার পণ্যের জন্য উৎস হিসাবে অস্ট্রেলিয়ান তুলো ব্যবহার করার জন্য, আপনি উচ্চ মানের, দূষণমুক্ত তুলোর ফাইবার বেছে নিচ্ছেন, যা সর্বোচ্চ পরিবেশগত এবং সামাজিক মানদণ্ড অনুযায়ী উৎপাদিত হয়। আপনার পণ্যগুলিকে লেবেল করা জন্যও আপনি অস্ট্রেলিয়ান কটন মার্ক(গুলি) বেছে নিতে পারেন। কিন্তু আপনি কিভাবে নিশ্চিত করবেন যে আপনার পণ্যের তুলো আসলে অস্ট্রেলিয়ান?

যে ব্র্যান্ড এবং খুচরো বিক্রেতারা দাবী করেন, কটন অস্ট্রেলিয়ার তাদের উপর অস্ট্রেলিয়ান তুলোর সন্ধানযোগ্যতার দায়িত্ব দিয়ে থাকে এবং অস্ট্রেলিয়ান কটন মার্ক(গুলি) ব্যবহার করার আবেদনের অংশ হিসাবে সন্ধানযোগ্যতার প্রমাণেরও প্রয়োজন হয়।
অস্ট্রেলিয়ান তুলোর জন্য সন্ধানযোগ্যতা প্রতিষ্ঠার জন্য ব্যবহৃত প্রক্রিয়াগুলিতে বেশ কয়েকটি সাধারণ উপাদান থাকলেও ব্র্যান্ডগুলির মধ্যে সেগুলি পরিবর্তিত হয়।

কিভাবে অস্ট্রেলিয়ান তুলোর সাথে সম্পর্কিত দাবী সমর্থন করা যায়, তা জানার জন্য এই নির্দেশিকাটি ব্র্যান্ড এবং
খুচরো বিক্রেতাদের ক্ষেত্রে একটি প্রারম্ভিক বিন্দু হিসাবে ডিজাইন করা হয়েছে। আশা করা হয় যে এটি ব্র্যান্ডগুলিকে সহায়তা করবে:

- সঠিক প্রশ্ন জিজ্ঞাসা করুন।
- উৎস সম্পর্কিত দাবী সমর্থন করতে কোথায়, কি এবং কিভাবে প্রমাণ সংগ্রহ করা যেতে পারে, তা জানুন।
- উৎপাদন প্রক্রিয়ার বিভিন্ন পর্যায়ে কি ধরনের চেক এবং ব্যালেন্স প্রয়োগ করা যেতে পারে তা নির্ধারণ করুন।
- অস্ট্রেলিয়ান কটন মার্ক(গুলি)-এর ক্ষেত্রে ন্যূনতম প্রয়োজনীয় সন্ধানযোগ্যতা সম্পর্কে জানুন।



# সন্ধানযোগ্যতা এবং স্বচ্ছতার জন্য প্রয়োজনীয়তা




ব্র্যান্ড এবং খুচরো বিক্রেতারা ক্রমবর্ধিত হারে তাদের সাপ্লাই চেইনগুলি সম্পর্কে জানতে এবং কাঁচামাল উৎপাদনের সাথে সাথে পণ্যগুলি কোথায় তৈরি করা হচ্ছে সে সম্পর্কে স্বচ্ছ হবেন বলে আশা করা হয়।

কটন অস্ট্রেলিয়া স্বীকার করে যে সন্ধানযোগ্যতা খুবই গুরুত্বপূর্ণ এবং অস্ট্রেলিয়ান তুলো সম্পর্কে পণ্যের দাবী সঠিকভাবে যাচাই করা যেতে পারে, কোম্পানির শেয়ারহোল্ডাররা এবং গ্রাহকরা ক্রমবর্ধিত হারে এমন আশ্বাস চান। আপনার প্রোডাক্টটি অস্ট্রেলিয়ান তুলো দিয়েই তৈরি করা হয়েছে এমন দাবী যাচাই করার ক্ষমতা আপনার ব্র্যান্ড এবং অস্ট্রেলিয়ান তুলো উভয়ের জন্য ব্র্যান্ডের সুরক্ষা এবং ঝুঁকি নিয়ন্ত্রণের জন্য গুরুত্বপূর্ণ।

অস্ট্রেলিয়ান কম্পিটিশন অ্যান্ড কনজিউমার কমিশন পরামর্শ দেন যে *'ব্যবসার ক্ষেত্রে উৎপাদনের দেশ সম্পর্কিত দাবী করার জন্য যুক্তিসঙ্গত ভিত্তি থাকা উচিৎ এবং প্রয়োজনে তাদের দাবী প্রমাণ করার জন্য সক্ষম হওয়া উচিৎ।'* এই কারণে, কটন অস্ট্রেলিয়া সুপারিশ করে যে অস্ট্রেলিয়ান তুলোর ব্যবহার সম্পর্কে কোনও দাবী করার আগে যত্ন সহকারে সন্ধানযোগ্যতার পদ্ধতি স্থাপন করা এবং তাতে যথাযথ নিয়ন্ত্রণ এবং তার ভারসাম্য বজায় রাখা উচিৎ।

# বর্তমান পরিস্থিতি




অস্ট্রেলিয়া যে কোনও তুলোর বস্তা থেকে সেটির উৎপাদক খামার খুঁজে বের করতে পারে, তবে অস্ট্রেলিয়ান তুলোর ক্ষেত্রে সুতোর কলগুলির পরে সেই তথ্য খুঁজে বের করা আরও জটিল হয়ে ওঠে কারণ সেখানে ফাইবারগুলি প্রায়শই অন্যান্য দেশের তুলোর সাথে মিশ্রিত করা হয়। যদিও কটন অস্ট্রেলিয়া খামার থেকে সুতোর কলগুলি পর্যন্ত সন্ধানযোগ্যতা সম্পর্কে সহায়তা করতে পারে, কিন্তু অস্ট্রেলিয়ান কটন সাপ্লাই চেইন থেকে উৎপত্তির দেশে ফিরে আসার জন্য সন্ধানযোগ্যতা প্রতিষ্ঠা করা ব্র্যান্ডের দায়িত্ব।

তুলোর সন্ধানযোগ্যতার জন্য অনেকগুলি বাণিজ্যিক, প্রযুক্তি-ভিত্তিক সমাধান রয়েছে যা হয় বিকাশের পথে রয়েছে বা এখন বাজারে এসে গিয়েছে। এগুলির মধ্যে রয়েছে ব্লকচেইন সিস্টেম, সফটওয়্যার সলিউশন এবং বাছাইয়ের সময় সন্ধানযোগ্য ফাইবার এবং ডিএনএ মার্কার সন্নিবেশ করা। যদিও এই পণ্যগুলি আরও সহজলভ্য হয়ে উঠছে, তবুও বাস্তব হল বেশিরভাগ ব্র্যান্ডের ক্ষেত্রে তুলোর সন্ধানযোগ্যতা বহুলাংশে ম্যানুয়াল প্রক্রিয়ায় করা হয় যা উৎপাদনের বিভিন্ন পর্যায়ে ব্যবসার সাথে জড়িত মানুষদের করা প্রমাণের বিধানের উপর নির্ভর করে।

এতে অবশ্যই অন্তর্নিহিত ঝুঁকি রয়েছে এবং অসাধু ব্যবসার অপব্যবহারের সম্মুখীন হওয়ার সম্ভবনা থেকে যায় যেখানে অনেক উৎস থেকে তুলোকে মিশ্রিত করা, নথিপত্র জাল করা, ইত্যাদি হতে পারে। এই কারণেই যে ব্যবসাগুলির সাথে আপনার দীর্ঘকালীন, বিশ্বস্ত সম্পর্ক রয়েছে এবং যাদের সন্ধানযোগ্যতার প্রক্রিয়া অনুসরণ করা হচ্ছে তা নিশ্চিত করার জন্য অডিটিং প্রক্রিয়াগুলি চালু রয়েছে, তাদের থেকে পণ্যের উৎস সংগ্রহ করার জন্য কটন অস্ট্রেলিয়া সুপারিশ করে।

এই নির্দেশিকাটি উৎপাদন প্রক্রিয়ার প্রতিটি পর্যায়ে সংগ্রহ করা যেতে পারে এমন সন্ধানযোগ্যতা প্রমাণের রূপরেখা দেয়।

# তুলো উৎপাদনে প্রক্রিয়ার ধাপসমূহ




# আপনার ব্যবসার ক্ষেত্রে বিবেচনা করার নীতিগুলি

- ☑ আমাদের সন্ধানযোগ্যতার অভীষ্ট লক্ষ্য এবং উদ্দেশ্য কি?
- ☑ এখন আমাদের তুলোর সাপ্লাই চেইনের ক্ষেত্রে কতটা দৃশ্যমানতা আছে?
- ☑ অস্ট্রেলিয়ান তুলোর জন্য সন্ধানযোগ্যতা প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য কে দায়ী থাকবেন? (অভ্যন্তরীণ কর্মী, সোর্স করা অফিসগুলি)
- ☑ আমাদের বাজারে বাস্তবিক এমন মানুষ কোথায় আছেন যারা সহায়তা করতে পারেন?
- ☑ অন্যান্য কারখানা যাচাই করার জন্য আমরা যে নিরীক্ষকদের ব্যবহার করি (যেমন সামাজিক অনুবর্তিতা) অস্ট্রেলিয়ান তুলোর ক্ষেত্রে সন্ধানযোগ্যতার প্রক্রিয়াগুলি জন্য তারা নিরীক্ষণ করতে পারেন?
- ☑ সন্ধানযোগ্যতার তথ্য সংগ্রহ ও সঞ্চয় করার জন্য আমাদের কি অভ্যন্তরীণ ব্যবস্থা আছে?
- ☑ স্বাচ্ছন্দ্যের স্তরের মূল্যায়ন করুন... ব্যবসা, ঊর্ধ্বতন কর্তৃপক্ষ, আমাদের বোর্ড এবং স্টেকহোল্ডাররা কতটা যাচাই করার পরে সন্তুষ্ট হবেন?
- ☑ সন্ধানযোগ্যতা স্থাপন, তত্ত্বাবধান এবং নিরীক্ষণ করার জন্য কি ধরণের সংস্থানের প্রয়োজন?
- ☑ আমাদের তুলোর সাপ্লাই চেইনের পার্টনারদের সাথে আমাদের সম্পর্কের স্থিতি কিরকম? (বিশ্বাসের স্তর, ইতিহাস ইত্যাদি)
- ☑ আমাদের মতে/জানা কোন সরবরাহকারীরা স্বেচ্ছায় আমাদের জন্য একটি শক্তিশালী, বিশ্বস্ত উপায়ে সন্ধানযোগ্যতা সরবরাহ করতে পারেন?
- ☑ আমরা কি কোনও বিদ্যমান সাপ্লাই চেইন ব্যবহার করতে পারি নাকি আমাদের কোনও নতুন সরবরাহকারী খুঁজতে হবে?
- ☑ অস্ট্রেলিয়ান তুলোর প্রতি আমাদের প্রতিশ্রুতি কি - এক-বারের পণ্য, মধ্যম থেকে দীর্ঘমেয়াদী - সেক্ষেত্রে, আমরা এতে কতটা বিনিয়োগ করতে চাই?
- ☑ কোনটি আমাদের টাইমলাইন?
- ☑ অস্ট্রেলিয়ান কটন মার্ক(গুলি) ব্যবহারের জন্য আমাদের কি ন্যূনতম প্রয়োজনীয় সন্ধানযোগ্যতা রয়েছে?



# সন্ধানযোগ্যতার ক্ষেত্রে কটন অস্ট্রেলিয়ার ভূমিকা

## অস্ট্রেলিয়ান কটন সাপ্লাই চেইন প্রতিষ্ঠা করতে ব্র্যান্ডগুলিকে সমর্থন করুন

ব্র্যান্ডগুলি ভালভাবেই জানে যে কটন সাপ্লাই চেইন খুবই জটিল হতে পারে। কোনও একটি ব্র্যান্ডের বিভিন্ন তুলোজাত পণ্যের জন্য একাধিক কটন সাপ্লাই চেইন থাকতে পারে, যা নানা দেশে অবস্থিত। তুলোজাত কোনও পণ্য উৎপাদনের সময় অনেকগুলি কারখানার মধ্যে স্থানান্তরিত হওয়ার সম্ভাবনা থাকে, কখনও কখনও এই প্রক্রিয়াগুলির সময় নানা দেশের মধ্যেও স্থানান্তরিত করা হয়।

অস্ট্রেলিয়ান তুলো কোনও সুতোর কলে কাঁচামাল হিসাবে বিক্রি করা হয়। কটন অস্ট্রেলিয়া তুলো ব্যবসার সাথে জড়িত নয় তবে যে সমস্ত সুতোর কলগুলি সাধারণত অস্ট্রেলিয়ান তুলো কেনে তাদের তালিকা সংগ্রহে রাখে। এর মধ্যে কয়েকটি উপরের দিকে সমন্বিত। এই তালিকাটি নিয়মিত আপডেট করা হয় এবং যারা পণ্যের উৎস হিসাবে অস্ট্রেলিয়ান তুলো ব্যবহার করতে চান এমন খুচরো বিক্রেতা, ব্র্যান্ডের মালিক এবং সরবরাহকারীদের কাছে সেটা উপলব্ধ করা যেতে পারে। এটি প্রায়শই ব্র্যান্ডগুলির জন্য একটি ভাল সূচনা বিন্দু হয়, কারণ তারা ইতিমধ্যেই অস্ট্রেলিয়ান তুলোর ব্যবসা করে এমন সুতোর কলগুলি ব্যবহার করছে।

## অস্ট্রেলিয়ান কটন মার্ক-এর ব্যবহার সহজতর করুন

যে সমস্ত ব্র্যান্ড তাদের পণ্যে অস্ট্রেলিয়ান তুলোর প্রত্যয়ন চায় তাদের অবশ্যই অস্ট্রেলিয়ান কটন মার্ক(গুলি) ব্যবহার করার জন্য কটন অস্ট্রেলিয়ার কাছে আবেদন করতে হবে। এই প্রক্রিয়াটির জন্য পণ্যগুলি তৈরি করতে ব্যবহৃত উৎপাদন প্রক্রিয়াগুলির ক্ষেত্রে সাপ্লাই চেইনের স্বচ্ছতা এবং সন্ধানযোগ্যতার প্রমাণ প্রয়োজন। অস্ট্রেলিয়ান কটনের জন্য একটি যাচাই করা চেইন অব কাস্টডি দেখানোর জন্য কিছু ন্যূনতম প্রয়োজনীয়তা রয়েছে। কটন অস্ট্রেলিয়া অস্ট্রেলিয়ান কটন মার্ক(গুলি) নিয়ন্ত্রণ করে এবং পণ্যগুলিতে এটি ব্যবহারের অনুমোদন প্রদান করে।

## অস্ট্রেলিয়ান কটন-এর বস্তাগুলির যাচাইকরণ

অস্ট্রেলিয়ায় তুলো শিল্পে প্রতিটি বস্তার তুলো কোথায় উৎপাদিত হয়েছে এবং বীজ থেকে বাছাই করে পরিষ্কার করা হয়েছে তা সনাক্ত করার জন্য একটি পদ্ধতি রয়েছে। বাজারে প্রবেশ করা প্রতিটি তুলোর বস্তাকে গ্রেড করা হয় (গুণমানের মূল্যায়ন করার জন্য) এবং একটি অনন্য বস্তা সনাক্তকরণ নম্বর এবং বারকোড দিয়ে লেবেল করা হয়। এই তথ্যটি বস্তার সাথেই থাকে যতক্ষণ না এটি সুতোর কলে পৌঁছায়।

কোনও ব্র্যান্ডের মালিক, খুচরো বিক্রেতা বা প্রস্তুতকারক যখন অস্ট্রেলিয়ান তুলো থেকে সুতো তৈরি করতে ব্যবহৃত বেল ট্যাগ নম্বর সরবরাহ করতে পারেন (এবং যেখানে খুশি হয়ে ব্যবসায়ী এবং কৃষকরা অংশগ্রহণ করেন) সেখানে কাঁচা তুলো অস্ট্রেলিয়া থেকে এসেছে, তা কটন অস্ট্রেলিয়া যাচাই করতে পারে।

# শুরু করা

অস্ট্রেলিয়ান তুলো সহ যে কোনও পণ্যের ক্ষেত্রে সাপ্লাই চেইনের সন্ধানযোগ্যতা স্থাপন করা একটি কঠিন এবং জটিল প্রক্রিয়া হতে পারে। ভাল খবর হল অস্ট্রেলিয়ান তুলো ব্যবহার করে ব্র্যান্ডগুলি রিপোর্ট করেছে যে একবার কাজটি সরাসরি সম্পন্ন হয়ে গেলে, পদ্ধতিগুলি সঠিক জায়গায় থাকে এবং সরবরাহকারীরা আপনার প্রয়োজনীয়তার সাথে পরিচিত হওয়ায়, প্রক্রিয়াটি আরও সহজ হয়ে যায়। এটাও মনে রাখা গুরুত্বপূর্ণ যে অন্যান্য সার্টিফিকেশন প্রোগ্রামগুলির পক্ষ থেকে সরবরাহকারীদের নিয়মিতভাবে এই ধরনের তথ্যের জন্য জিজ্ঞাসা করা হয় তাই প্রয়োজনীয়তাগুলি আশ্চর্যজনক বা খুব কঠিন না হওয়াই বাঞ্ছনীয়। যদি আপনার সরবরাহকারীরা আপনাকে প্রয়োজনীয় প্রক্রিয়া বা প্রমাণ সরবরাহ করতে না পারেন তবে আশেপাশে প্রচুর প্রতিদ্বন্দ্বী আছেন যারা তা সরবরাহ করতে পারেন!



# কোথা থেকে শুরু করা যায়?

এখানে কিছু প্রস্তাবনা রইল:

1

## সাপ্লাই চেইন ম্যাপিং

যদিও সবসময় সম্ভব নয়, তবুও তুলো এবং অন্যান্য কাঁচামালের ক্ষেত্রে সাপ্লাই চেইনের ম্যাপিং করা সন্ধানযোগ্যতার পদ্ধতি স্থাপনের একটি গুরুত্বপূর্ণ প্রথম ধাপ। টায়ার 1 সরবরাহকারীদের কথার উপর নির্ভর না করে প্রতিটি অস্ট্রেলিয়ান তুলোজাত সমস্ত পণ্যের জন্য সরবরাহকারী, কারখানা এবং সুতোর কল স্থাপন করা একটি সূচনা বিন্দু হিসাবে যথাযথ ব্যবস্থা।

বেশ কিছু বাণিজ্যিক কোম্পানি এবং পরামর্শদাতারা সাপ্লাই চেইন ম্যাপিংয়ে সহায়তা করতে পারেন।

2

## আপনার ব্যবসার ভিতরেই প্রশ্ন জিজ্ঞাসা করুন

কোনও কোনও বৃহত্তর ব্র্যান্ডগুলির নানা বিভাগে এমন কিছু মানুষ থাকতে পারেন যারা আগে এই পদ্ধতির মধ্য দিয়ে গেছেন এবং তাদের কাছে শেয়ার করার মতন প্রয়োজনীয় অভিজ্ঞতা, জ্ঞান রয়েছে এবং তারা টিপস দিতে পারেন। এটি অনস্বীকার্য যে নকল এড়াতে অন্যদের পরামর্শ নেওয়া উচিৎ।

3

## এমন সরবরাহকারী নির্বাচন করুন:

- যাদের আপনি জানেন এবং বিশ্বাস করেন, এবং দীর্ঘদিন ধরে আপনার সাথে লেনদেন করছেন
- যারা ইতিমধ্যেই অস্ট্রেলিয়ান তুলো ব্যবহার করছেন এবং সেখানে সন্ধানযোগ্যতার পদ্ধতি এবং প্রক্রিয়া রয়েছে।
- যারা আপনাকে আপনার প্রয়োজনীয় ডকুমেন্টেশন এবং স্বচ্ছতা প্রদান করতে পারেন
- যারা উপরের দিকে সমন্বিত - এটি কখনও কখনও কিছু জটিলতা এবং ঝুঁকি দূর করতে সহায়তা করতে পারে (যদিও সবসময় নয়!)

4

## কোনও অর্ডার করার আগে বা দরপত্র/মূল্য প্রক্রিয়ার অংশ হিসাবে:

সরবরাহকারীকে অস্ট্রেলিয়ান তুলোর জন্য সাপ্লাই চেইনের প্রতিটি ধাপে যে ধরনের প্রমাণ সরবরাহ করা হবে, সেগুলির সাথে সন্ধানযোগ্যতার প্রক্রিয়া অনুসরণ করতে তাদের ইচ্ছা প্রদর্শন করতে বলুন।

# খামার, বীজ থেকে তুলো বাছাই এবং ব্যবসায়ী

| | |
|---|---|
| সাপ্লাই চেইনের ভূমিকা | রপ্তানির উদ্দেশ্যে (ব্যবসায়ীদের দ্বারা) উৎপাদন করুন, ফসল সংগ্রহ করুন (খামার), কাঁচা তুলোর ফাইবার 227 কেজির বস্তার (বাছাই করা) হিসাবে প্রক্রিয়াজাত করুন |
| সন্ধানযোগ্যতা পদ্ধতির প্রকার | • অস্ট্রেলিয়ান তুলোর প্রতিটি বস্তায় সনাক্তকরণের জন্য একটি অনন্য নম্বর এবং বারকোড দিয়ে লেবেল করা হয়, ফসল কাটার সময় ডেটা ঢোকানো হয় এবং বাছাই করাকালীন বস্তার সাথে সংযুক্ত করা হয়<br>• এই তথ্যটি বস্তার সাথেই থাকে যতক্ষণ না এটি সুতোর কলে পৌঁছায় |
| অনুরোধ করার মতন ডকুমেন্টেশন / প্রমাণের প্রকারসমূহ | • কোনও ব্র্যান্ডের মালিক, খুচরো বিক্রেতা বা প্রস্তুতকারক যখন অস্ট্রেলিয়ান তুলো থেকে সুতো তৈরি করতে ব্যবহৃত বেল ট্যাগ নম্বর সরবরাহ করতে পারেন (এবং যেখানে খুশি হয়ে ব্যবসায়ী এবং কৃষকরা অংশগ্রহণ করেন) সেখানে কাঁচা তুলো অস্ট্রেলিয়া থেকে এসেছে, তা কটন অস্ট্রেলিয়া যাচাই করতে পারে। ব্র্যান্ড এবং খুচরো বিক্রেতাদের মনে রাখা উচিৎ যে যদি কোনও মিল অস্ট্রেলিয়ান তুলোর বেল নম্বর সরবরাহ করতে পারে, তাতে কোনও গ্যারান্টি দেওয়া যায় না যে এই তুলোই সুতো তৈরিতে ব্যবহার করা হয়েছিল বা এই তুলোর সাথে অন্য তুলো মিশ্রিত হয়নি। নিশ্চিত হওয়ার জন্য, অতিরিক্ত প্রমাণ চাইতে হবে, যেমন নীচে বর্ণনা করা হয়েছে |
| জিজ্ঞাসা করার প্রশ্ন | • কটন অস্ট্রেলিয়া জিন/ব্যবসায়ীদের অস্ট্রেলিয়ান কটন বেল নম্বর যাচাই করতে সহায়তা করতে পারে |

# টায়ার 1 সরবরাহকারী

উৎপাদন প্রক্রিয়ার প্রতিটি পর্যায়ে যে ধরণের প্রশ্ন জিজ্ঞাসা করা যেতে পারে, যে পদ্ধতির প্রমাণের অনুরোধ করা যেতে পারে, এই বিভাগ তার রূপরেখা প্রকাশ করে।

| | |
|---|---|
| সাপ্লাই চেইনের ভূমিকা | টায়ার 1 সরবরাহকারীরা একটি ব্র্যান্ডের গ্রাহকের জন্য তুলোজাত তৈরি পণ্যের উৎস, স্পেসিফিকেশনের একটি সেট সহ সেগুলি অস্ট্রেলিয়ান তুলো থেকেই তৈরি করা হয়েছে তার নির্দিষ্টকরণ করবেন। (এটি স্বীকৃত যে অনেক ব্র্যান্ডের এখনও টায়ার 1 এর বাইরে সাপ্লাই চেইনে খুব বেশী দৃশ্যমানতা নেই, যা সন্ধানযোগ্যতার সমস্যাটিকে আরও কঠিন করে তুলেছে।) |
| সন্ধানযোগ্যতা পদ্ধতির প্রকার | • ব্র্যান্ডগুলি সন্ধানযোগ্যতার পদ্ধতি স্থাপন করতে এবং অস্ট্রেলিয়ান তুলো সম্পর্কে দাবী প্রমাণ করার জন্য প্রয়োজনীয় সন্ধানযোগ্যতার প্রমাণ প্রদান করতে টায়ার 1 সরবরাহকারীদের উপর দায়িত্ব দিতে পারে<br>• এর জন্য একটি গুরুত্বপূর্ণ মাত্রার বিশ্বাসের প্রয়োজন, এবং এটি সর্বোত্তম পদ্ধতি হিসাবে সুপারিশ করা হয় না। ব্র্যান্ডগুলিকে নিশ্চিত করতে হবে যে প্রক্রিয়ার প্রতিটি ধাপে প্রদত্ত ডকুমেন্টেশনগুলি শক্তিশালী, আধুনিক এবং সন্ধানযোগ্যতার প্রয়োজনীয়তা পূরণ করবে (অর্থাৎ যদি কোনও ব্র্যান্ডের বিরুদ্ধে মামলা করা হয়ে থাকে যারা সঠিক কাজ করেন না তারা প্রতিরক্ষা হিসেবে দাঁড়াতে পারেন না, টায়ার 1 সরবরাহকারীর কাছে দায়িত্ব হস্তান্তর করা হবে। |
| অনুরোধ করার মতন ডকুমেন্টেশন / প্রমাণের প্রকারসমূহ | • আপনার টায়ার 1 সরবরাহকারীদের দ্বারা অনুরোধ/সমন্বিত হতে পারে এমন ডকুমেন্টেশন এবং প্রমাণগুলির জন্য নীচে দেখুন |
| জিজ্ঞাসা করার প্রশ্ন | • আপনি কি অন্যান্য গ্রাহকদের জন্য অস্ট্রেলিয়ান তুলোর সন্ধানযোগ্যতার প্রক্রিয়ার সমন্বয় করেছেন? অন্যান্য পণ্যদ্রব্য? অন্যান্য তুলোর পরিচয় সম্পর্কিত প্রোগ্রাম?<br>• আপনি কি নিশ্চয় করতে পারেন যে প্রদত্ত ডকুমেন্টেশন আমাদের সন্ধানযোগ্যতার প্রয়োজনীয়তা পূরণ করবে?<br>• আপনি কি এই পরিষেবার জন্য অতিরিক্ত চার্জ করবেন? |

# স্পিনিং মিল

**সাপ্লাই চেইনের ভূমিকা**

তুলোর ফাইবারকে প্রক্রিয়া করে সুতো বানান - কাপড়ের মিলের কাছে বিক্রি করুন
এখানেই প্রতিস্থাপনের সবচেয়ে বড় ঝুঁকি

**সন্ধানযোগ্যতা পদ্ধতির প্রকার**

- সুতোর কলগুলি অস্ট্রেলিয়ান তুলোর বস্তার ডেলিভারি নেয় যার সাথে অনন্য বেল ট্যাগ সনাক্তকরণ নম্বর এবং বারকোড সংযুক্ত থাকে
- সুতোর কলকে অবশ্যই বাস্তবিকভাবে কাঁচা অস্ট্রেলিয়ান তুলোকে উৎপাদনের সারিতে থাকা সুতো কাটার প্রক্রিয়াকরণের কার্যপদ্ধতির সময় আলাদা করতে হবে এবং লেবেল করতে হবে
- সুতোর কলগুলি অস্ট্রেলিয়ান কটন বেল সংখ্যাকে সুতোর লট সংখ্যার সাথে সম্পর্কিত করতে পারে
- সুতোর কলগুলি কাঁচা তুলোর ওজন এবং তুলজাত সুতোর ওজন সম্পর্কে ডেটা সরবরাহ করতে পারে (ফলনের তথ্য)

**অনুরোধ করার মতন ডকুমেন্টেশন / প্রমাণের প্রকারসমূহ**

**ন্যূনতম প্রয়োজনীয় সন্ধানযোগ্যতা** (অস্ট্রেলিয়ান কটন মার্ক ব্যবহার করতে)

- স্পিনিং মিলগুলি XXX বেল নম্বরগুলি XXX লট নম্বরের সুতো তৈরি করতে ব্যবহার করা হয়েছিল এবং XXX তারিখে XXX কাপড়ের মিলয় ডেলিভার করা হয়েছিল (কটন অস্ট্রেলিয়া টেমপ্লেট সরবরাহ করতে পারে) এমন স্বাক্ষরিত এবং তারিখযুক্ত ঘোষণা করতে পারে
- প্রেরণ করা বেল নম্বর, প্রেরণের তারিখ, বস্তার সংখ্যা, ওজন ইত্যাদির বিবরণ সহ বাণিজ্যিক চালান বা পার্চেজ অর্ডার তুলো ব্যবসায়ী সুতোর কলের কাছে পাঠাবেন
- বস্তা ধরে ধরে প্যাকিং লিস্ট - বস্তার সংখ্যা নথিভুক্ত করা
- উৎস সম্পর্কিত শংসাপত্র: এই শংসাপত্রগুলি প্রেরক ইস্যু করতে পারেন বা কোনও কোনও ক্ষেত্রে ক্রেতা একটি অফিসিয়াল চেম্বার অফ কমার্স শংসাপত্রের অনুরোধ করতে পারেন

**আরও প্রমাণ যা সংগ্রহ করা যেতে পারে:**

- অস্ট্রেলিয়ান তুলো ব্যবসায়ীর কাছ থেকে বিল অফ ল্যাডিং (মালের শিরোনাম)
- ফাইটোস্যানিটারি শংসাপত্র: কিছু আমদানিকারক দেশে সরকার থেকে সরকারি আমদানির প্রয়োজনীয়তার অংশ হিসাবে এই শংসাপত্রের প্রয়োজন হয়। এটি কৃষি ও জলসম্পদ বিভাগ ইস্যু করে প্রত্যয়িত করে যে তুলোর বস্তাগুলি যথাযথ অফিসিয়াল পদ্ধতি অনুসারে পরিদর্শন করা হয়েছে এবং আমদানি চুক্তিকারী পক্ষের দ্বারা নির্দিষ্ট করা সঙ্গরোধ করে রাখা কীটপতঙ্গ থেকে মুক্ত বলে বিবেচিত হয়েছে।
- ফটোগ্রাফিক প্রমাণে অন্তর্ভুক্ত আছে:
  - অস্ট্রেলিয়ান তুলোর বস্তার ডেলিভারি
  - অস্ট্রেলিয়ান কটন বেল ট্যাগসমূহ
  - অস্ট্রেলিয়ান তুলো মিলে লেবেলযুক্ত বাস্তবিকভাবে পৃথক করা হয়েছে (লাইন, সঞ্চয়স্থান ইত্যাদি সম্পর্কিত চিহ্ন)
- সুতোর প্রক্রিয়াকরণের আগে অস্ট্রেলিয়ান কাঁচা তুলোর ফাইবারের ওজন এবং প্রক্রিয়াকরণের পরে সুতোর ওজনের (উৎপাদনের মূল্যায়ন) ডকুমেন্টেশন

**জিজ্ঞাসা করার প্রশ্ন**

- অস্ট্রেলিয়ান তুলোকে বাস্তবিকভাবে আলাদা রাখার জন্য আপনার পদ্ধতিগুলি কি কি?
- এই প্রক্রিয়াটি সঠিকভাবে চলছে, তার কি প্রমাণ আপনি দিতে পারেন?
- আপনি কি ফটোগ্রাফ সহ প্রমাণ দিতে পারেন?
- কিভাবে অস্ট্রেলিয়ান তুলোর বেল নম্বর সুতোর লট নম্বরের সাথে সম্পর্কিত? অর্থাৎ আপনি কিভাবে অস্ট্রেলিয়ান তুলো থেকে তৈরি সুতোর লটের সাথে বেল নম্বরগুলিকে সংযুক্ত করবেন?
- পরিবহনের জন্য অপেক্ষায় থাকাকালীন আপনি কি অস্ট্রেলিয়ান তুলোজাত সুতো আলাদাভাবে সংরক্ষণ করবেন? কিভাবে?
- প্রক্রিয়াটি ঠিক আছে কিনা তা নিশ্চিত করতে আপনি কি স্পট চেক/অডিট করার অনুমতি দেন?
- আপনি কি অন্যান্য গ্রাহকদের জন্য অস্ট্রেলিয়ান তুলোর সন্ধানযোগ্যতার প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছেন? অন্যান্য পণ্যদ্রব্য? অন্যান্য তুলোর পরিচয় সম্পর্কিত প্রোগ্রাম?

# কাপড়ের মিল

**সাপ্লাই চেইনের ভূমিকা**

সুতির সুতো থেকে কাপড় বুনন এবং/অথবা বয়ন - পোশাক বা গৃহস্থালি সম্পর্কিত প্রস্তুতকারকদের কাছে বিক্রি করা

**সন্ধানযোগ্যতা পদ্ধতির প্রকার**

- কাপড়ের মিলগুলি সুতোর কল থেকে সুতোর লট নম্বর সংযুক্ত করে অস্ট্রেলিয়ান তুলোজাত সুতোর ডেলিভারি নেয়
- কাপড়ের মিলগুলি ডেলিভারি, সংরক্ষণ এবং বুনন বা বয়ন করার উৎপাদনের প্রক্রিয়া জুড়ে অস্ট্রেলিয়ান তুলোর সুতোকে বাস্তবিকভাবে আলাদা করে লেবেল করে
- কাপড়ের মিলগুলি অস্ট্রেলিয়ান তুলোজাত সুতোর লট নম্বরকে কাপড়ের লট নম্বরের সাথে সংযুক্ত করতে পারে
- কাপড়ের মিলগুলি তুলোজাত সুতোর ওজন এবং সুতোর কাপড়ের ওজনের তথ্য প্রদান করতে পারে (উৎপাদনের তথ্য)

**অনুরোধ করার মতন ডকুমেন্টেশন / প্রমাণের প্রকারসমূহ**

**ন্যূনতম প্রয়োজনীয় সন্ধানযোগ্যতা** (অস্ট্রেলিয়ান কটন মার্ক ব্যবহার করতে)

- কাপড়ের মিলগুলি XXX বেল নম্বরগুলি XXX লট নম্বরের সুতো তৈরি করতে ব্যবহার করা হয়েছিল এবং XXX তারিখে XXX পোশাকের কারখানায় ডেলিভার করা হয়েছিল (কটন অস্ট্রেলিয়া টেমপ্লেট সরবরাহ করতে পারে) এমন স্বাক্ষরিত এবং তারিখযুক্ত ঘোষণা করতে পারে
- সুতো এবং কাপড়ের মিলের মধ্যে লেনদেন, সুতোর লট নম্বর, তারিখ, ওজন ইত্যাদির বিস্তারিত বিবরণ সহ পার্চেজ অর্ডার বা চালান

**আরও প্রমাণ যা সংগ্রহ করা যেতে পারে:**

- স্টক রেজিস্টারের কপিসমূহ
- প্রেরণ করার নথি
- ফটোগ্রাফিক প্রমাণে অন্তর্ভুক্ত আছে:
  - স্পষ্টভাবে চিহ্নিত অস্ট্রেলিয়ান তুলোজাত সুতোর ডেলিভারি
  - অস্ট্রেলিয়ান তুলো মিলে লেবেলযুক্ত এবং বাস্তবিকভাবে পৃথক করা (লাইনগুলিতে, স্টোরেজ ইত্যাদিতে চিহ্নিত)
- কাপড় উৎপাদনের আগে অস্ট্রেলিয়ান তুলোজাত সুতোর ওজন এবং প্রক্রিয়াকরণের পরে কাপড়ের ওজন সহ ডকুমেন্টেশন (উৎপাদনের মূল্যায়ন)

**জিজ্ঞাসা করার প্রশ্ন**

- অস্ট্রেলিয়ান তুলোকে বাস্তবিকভাবে আলাদা রাখার জন্য আপনার পদ্ধতিগুলি কি কি?
- এই প্রক্রিয়াটি সঠিকভাবে চলছে, তার কি প্রমাণ আপনি দিতে পারেন?
- আপনি কি ফটোগ্রাফ সহ প্রমাণ দিতে পারেন?
- কিভাবে অস্ট্রেলিয়ান তুলোজাত সুতোর লট নম্বরগুলি কাপড়ের লট নম্বরগুলির সাথে সম্পর্কিত? অর্থাৎ আপনি কিভাবে অস্ট্রেলিয়ান তুলো থেকে তৈরি কাপড়ের লটের সাথে সুতোর লট নম্বর সংযুক্ত করবেন?
- পরিবহনের জন্য অপেক্ষায় থাকাকালীন অস্ট্রেলিয়ান সুতোর কাপড় আপনি কি আলাদাভাবে সংরক্ষণ করবেন? কিভাবে?
- প্রক্রিয়াটি ঠিক আছে কিনা তা নিশ্চিত করতে আপনি কি স্পট চেক/অডিট করার অনুমতি দেন?
- আপনি কি অন্যান্য গ্রাহকদের জন্য অস্ট্রেলিয়ান তুলোর সন্ধানযোগ্যতার প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছেন? অন্যান্য পণ্যদ্রব্য? অন্যান্য তুলোর পরিচয় সম্পর্কিত প্রোগ্রাম?

# কাটা এবং সেলাইয়ের কারখানা/ প্রস্তুতকারক

| | |
|---|---|
| সাপ্লাই চেইনের ভূমিকা | কাপড় কেটে, সেলাই করে তৈরি পণ্যের চেহারা দেওয়া – ব্র্যান্ড/খুচরা বিক্রেতাদের কাছে পাঠানো |
| সন্ধানযোগ্যতা পদ্ধতির প্রকার | • পোশাকের কারখানা কাপড়ের মিল থেকে ফ্যাব্রিক লট নম্বর সংযুক্ত অস্ট্রেলিয়ান সুতির কাপড়ের ডেলিভারি নেয়<br>• পোশাকের কারখানা কাটা, সেলাই করা, সংরক্ষণ করা এবং ডেলিভারি করার পুরো পোশাক তৈরির প্রক্রিয়া জুড়ে অস্ট্রেলিয়ান সুতির কাপড়কে লেবেল এবং বাস্তবিকভাবে আলাদা করতে পারে<br>• পোশাকের কারখানা অস্ট্রেলিয়ান সুতি কাপড়ের লট নম্বরগুলিকে পোশাকের অর্ডারের নম্বরগুলির সাথে সংযুক্ত করতে পারে<br>• পোশাকের কারখানা সুতি কাপড়ের ওজন এবং তৈরি হওয়া সুতির পোশাকের ওজন সম্পর্কে তথ্য সরবরাহ করতে পারে (উৎপাদনের তথ্য) |
| অনুরোধ করার মতন ডকুমেন্টেশন / প্রমাণের প্রকারসমূহ | **ন্যূনতম প্রয়োজনীয় সন্ধানযোগ্যতা** (অস্ট্রেলিয়ান কটন মার্ক ব্যবহার করতে)<br>• কাটা এবং সেলাই করার কারখানাগুলি XXX কাপড়ের লট নম্বরগুলি XXX লট নম্বরের পোশাক তৈরি করতে ব্যবহার করা হয়েছিল এবং XXX তারিখে XXX ব্র্যান্ড/খুচরো বিক্রেতার কাছে ডেলিভার করা হয়েছিল (কটন অস্ট্রেলিয়া টেমপ্লেট সরবরাহ করতে পারে) এমন স্বাক্ষরিত এবং তারিখযুক্ত ঘোষণা করতে পারে<br>• পার্চেজ অর্ডারগুলি 100% অস্ট্রেলিয়ান সুতির কাপড় নির্দিষ্ট করে<br>• কাপড়ের মিল এবং পোশাকের কারখানার মধ্যে লেনদেনের বিবরণ, কাপড়ের লট নম্বর, তারিখ, ওজন ইত্যাদির বিবরণ সহ পোশাকের কারখানা থেকে পার্চেজ অর্ডার বা চালান<br>**আরও প্রমাণ যা সংগ্রহ করা যেতে পারে:**<br>• স্টক রেজিস্টারের কপিসমূহ<br>• পোশাকের অর্ডার নম্বরের রেকর্ড এবং সেগুলি কিভাবে কাপড়ের লট নম্বরের সাথে সম্পর্কিত<br>• ফটোগ্রাফিক প্রমাণে অন্তর্ভুক্ত আছে:<br>- স্পষ্টভাবে চিহ্নিত অস্ট্রেলিয়ান তুলোজাত কাপড়ের ডেলিভারি<br>- অস্ট্রেলিয়ান তুলো কারখানায় লেবেলযুক্ত এবং বাস্তবিকভাবে আলাদা করা হয় (সেলাই, ইস্ত্রি, গুণমান নিয়ন্ত্রক চেক পয়েন্টে, সংরক্ষণ, প্যাকেজ করা পণ্য ইত্যাদিতে চিহ্নিত করা)<br>• পোশাক উৎপাদনের আগে অস্ট্রেলিয়ান সুতোজাত কাপড়ের ওজন এবং উৎপাদনের পর পোশাকের ওজনের (উৎপাদনের মূল্যায়ন) ডকুমেন্টেশন |
| জিজ্ঞাসা করার প্রশ্ন | • অস্ট্রেলিয়ান তুলোকে বাস্তবিকভাবে আলাদা রাখার জন্য আপনার পদ্ধতিগুলি কি কি?<br>• এই প্রক্রিয়াটি সঠিকভাবে চলছে, তার কি প্রমাণ আপনি দিতে পারেন?<br>• আপনি কি ফটোগ্রাফ সহ প্রমাণ দিতে পারেন?<br>• অস্ট্রেলিয়ান সুতোজাত পোশাকের অর্ডার নম্বরগুলি কিভাবে কাপড়ের লট নম্বরগুলির সাথে সম্পর্কিত? অর্থাৎ অস্ট্রেলিয়ান তুলো থেকে তৈরি পোশাকের অর্ডারের সাথে আপনি কিভাবে কাপড়ের লট নম্বর সংযুক্ত করবেন?<br>• পরিবহনের জন্য অপেক্ষায় থাকাকালীন আপনি কি অস্ট্রেলিয়ান সুতোজাত পোশাক আলাদাভাবে সংরক্ষণ করতে পারেন? কিভাবে?<br>• প্রক্রিয়াটি ঠিক আছে কিনা তা নিশ্চিত করতে আপনি কি স্পট চেক/অডিট করার অনুমতি দেন?<br>• আপনি কি অন্যান্য গ্রাহকদের জন্য অস্ট্রেলিয়ান তুলোর সন্ধানযোগ্যতার প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছেন? অন্যান্য পণ্যদ্রব্য? অন্যান্য তুলোর পরিচয় সম্পর্কিত প্রোগ্রাম? |







# যাচাইকরণের বিকল্পসমূহ

ঝুঁকি কমানোর জন্য নিয়ন্ত্রণ এবং ভারসাম্যের বাস্তবায়ন সন্ধানযোগ্যতার প্রক্রিয়ার অংশ হওয়া উচিৎ। অনেকরকমের বিকল্প উপলব্ধ রয়েছে এবং এগুলি বাজেট, মানবসম্পদ, কারখানা এবং মিলগুলির ভৌগলিক সান্নিধ্য, সাপ্লাই চেইনের সম্পর্কের উপর বিশ্বাসের স্তর এবং প্রয়োজনীয় নিরাপত্তার স্তরের উপর নির্ভর করবে। কটন অস্ট্রেলিয়া সুপারিশ করে যে একটি ব্র্যান্ড এমন ব্যবস্থা স্থাপন করুক যেখানে একজন নিযুক্ত করা অডিটর সম্পূর্ণ সাপ্লাই চেইন জুড়ে স্বাধীনভাবে যাচাই করতে পারেন।

## যাচাই করার বিকল্পগুলির মধ্যে রয়েছে (কিন্তু এতেই সীমাবদ্ধ নয়):

- কোন সরবরাহকারী আপনার সন্ধানযোগ্যতার প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে সক্ষম কিনা তা নিশ্চিত করার জন্য কোনও অর্ডার দেওয়ার আগে প্রাক-অডিটের ব্যবস্থা করা যেতে পারে।
- অস্ট্রেলিয়ান তুলোজাত সুতো, কাপড় এবং তৈরি পণ্যের উৎপাদনের তদারকি করার জন্য মিল এবং কারখানাগুলিতে নির্ধারিত, অন-গ্রাউন্ড অডিট। এগুলি তৃতীয় পক্ষের নিরীক্ষক, সোর্সিং এজেন্ট বা হেড অফিসের কর্মীরা পরিচালনা করতে পারেন। কারখানাগুলিতে এই ধরনের নিরীক্ষণ খুবই সাধারণ হওয়া উচিৎ যাতে আপনার সরবরাহকারীদের জন্য কোনও সমস্যা তৈরি না হয়।
- তাৎক্ষণিক নিরীক্ষণ। একবার ব্যবস্থাটি শুরু হয়ে গেলে, প্রক্রিয়াগুলি অনুসরণ করা হচ্ছে তা নিশ্চিত করতে তাৎক্ষণিক নিরীক্ষণ করা একটি কার্যকরী উপায়। আবারও এগুলি তৃতীয় পক্ষের নিরীক্ষক, সোর্সিং এজেন্ট বা হেড অফিসের কর্মীরা পরিচালনা করতে পারেন। কোনও কোনও সরবরাহকারী এই ধরনের নিরীক্ষণ করার অনুমতি নাও দিতে পারেন।
- ছবি সহ প্রমাণ। মিল এবং কারখানাগুলিকে প্রক্রিয়াগুলির ছবি সহ প্রমাণ সরবরাহ করতে বলা হতে পারে। উদাহরণ স্বরূপ বলা যায় অস্ট্রেলিয়ান তুলোর বস্তা, যার সাথে বেল ট্যাগ নম্বর সংযুক্ত, অস্ট্রেলিয়ান তুলোকে স্পষ্টভাবে আলাদা করে এমন চিহ্ন সহ সেলাই লাইন, স্পষ্টভাবে লেবেলযুক্ত বাক্স আলাদাভাবে সংরক্ষণ করা ইত্যাদি।

# অস্ট্রেলিয়ান কটন মার্ক ট্রেসেবিলিটি চেকলিস্ট

## ন্যূনতম প্রয়োজনীয় সন্ধানযোগ্যতা

এই চেকলিস্টটি অস্ট্রেলিয়ান তুলো থেকে তৈরি বস্তুর অর্ডার সম্পর্কিত টেক্সটাইল সরবরাহকারীদের জন্য যাতে বলা হয়েছে যে সাপ্লাই চেইনের মাধ্যমে সুতো উৎপাদন থেকে শুরু করে বস্ত্র এবং সম্পূর্ণ করা পণ্যগুলির ক্ষেত্রে অবশ্যই বাস্তবিকভাবে আলাদা রাখতে হবে।

অস্ট্রেলিয়ান কটন মার্ক(গুলি) ব্যবহারের ন্যূনতম প্রয়োজনীয় সন্ধানযোগ্যতা পূরণ করার জন্য অনুগ্রহ করে নিশ্চিত করুন যে এই সমস্ত ডকুমেন্টেশন সরবরাহ করা হয়েছে।

### স্পিনিং মিল

- ☐ স্বাক্ষরিত এবং তারিখের বিবৃতি *(টেমপ্লেট সরবরাহ করেছে কটন অস্ট্রেলিয়া)*
- ☐ অস্ট্রেলিয়ান কটন বেল-এর নম্বরগুলি সুতো তৈরি করতে ব্যবহৃত হয় *(তুলোর চালানের সাথে সরবরাহ করা হয়)*
- ☐ উৎস সম্পর্কিত শংসাপত্র *(তুলোর চালানের সাথে সরবরাহ করা হয়)*
- ☐ তুলো ব্যবসায়ী/প্রেরক এবং স্পিনিং মিলের মধ্যে লেনদেন দেখানোর জন্য পার্চেজ অর্ডার বা চালান

### কাটা এবং সেলাই করার কারখানা

- ☐ স্বাক্ষরিত এবং তারিখের বিবৃতি *(টেমপ্লেট সরবরাহ করেছে কটন অস্ট্রেলিয়া)*
- ☐ কাপড়ের পার্চেজ অর্ডার বা চালান

### কাপড়ের মিল

- ☐ স্বাক্ষরিত এবং তারিখের বিবৃতি *(টেমপ্লেট সরবরাহ করেছে কটন অস্ট্রেলিয়া)*
- ☐ কাপড়ের মিল এবং সুতোর কলের মধ্যে লেনদেন দেখানোর জন্য সুতোর পার্চেজ অর্ডার বা চালান।

**কোনও আবেদন অনুমোদিত হওয়ার আগে এই সমস্ত প্রমাণপত্র অবশ্যই সরবরাহ করতে হবে।**

- ☑ ইংরেজিতে লেখা নথিগুলি অবশ্যই সঠিকভাবে স্বাক্ষর এবং তারিখ সহ জমা দিতে হবে
- ☑ নথিগুলি জমা দেওয়ার আগে এই প্রয়োজনীয়তাগুলি পূরণ করছে কিনা অনুগ্রহ করে তা খতিয়ে দেখুন

AUSTRALIAN COTTON

**অধিক তথ্য**

www.australiacotton.com.au
cotton2market@cotton.org.au

এই নথিতে থাকা তথ্য, অস্ট্রেলিয়ান কটন মার্কের জন্য আবেদনের প্রক্রিয়া বা এর সাথে সম্পর্কিত প্রয়োজনীয় সন্ধানযোগ্যতা সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।

দাবিত্যাগ

এই উপাদানটি শুধুমাত্র তথ্য এবং শিক্ষামূলক উদ্দেশ্যে প্রস্তুত করা হয়েছে, এবং সন্ধানযোগ্যতা সম্পর্কিত পরামর্শ প্রদান করার উদ্দেশ্যে নয়। বিষয়বস্তুটি আইনি পরামর্শ বা সুপারিশ গঠন করে না এবং এর উপর নির্ভর করা উচিৎ নয়।